

আন-নাবা | An-Naba' | النَّبَأُ

আয়াতঃ ৭৮ : ২৩

আরবি মূল আয়াত:

لِّبِثِينَ فِيهَا أَحَقَابًا ﴿٢٣﴾

অনুবাদসমূহ:

সেখানে তারা যুগ যুগ ধরে অবস্থান করবে। — আল-বায়ান

সেখানে তারা যুগ যুগ ধরে থাকবে, — তাইসিরুল

সেখানে তারা যুগ যুগ ধরে অবস্থান করবে, — মুজিবুর রহমান

In which they will remain for ages [unending]. — Sahih International

২৩. সেখানে তারা যুগ যুগ ধরে অবস্থান করবে। (১)

(১) অর্থাৎ তারা সেখানে অবস্থানকারী হবে সুদীর্ঘ বছর। আয়াতে ব্যবহৃত **حَقْب** এর বহুবচন। এর অর্থ নির্ধারণ নিয়ে মতপার্থক্য থাকলেও স্বাভাবিকভাবে বলা যায় যে, এর দ্বারা 'সুদীর্ঘ সময়' উদ্দেশ্য নেয়া হয়েছে। সুতরাং **حَقْب** দ্বারা তখন কোন সুনির্দিষ্ট সময় বোঝা উচিত হবে না। তাই উপরে এর অনুবাদ করা হয়েছে, "যুগ যুগ ধরে"। এর মানে হচ্ছে, একের পর এক আগমনকারী দীর্ঘ সময় তারা সেখানে অবস্থান করবে। এমন একটি ধারাবাহিক যুগ যে, একটি যুগ শেষ হবার পর আর একটি যুগ শুরু হয়ে যায়। একের পর এক আসতেই থাকবে এবং এমন কোন যুগ হবে না যার পর আর কোন যুগ আসবে না। [দেখুন: ইবন কাসীর] কুরআনের ৩৪ জায়গায় জাহানামবাসীদের জন্য 'খুলুদ' (চিরস্তন) শব্দ ব্যবহার করা হয়েছে। তিন জায়গায় কেবল খুলুদ বলেই শেষ করা হয়নি বরং তার সাথে "আবাদান" (চিরকাল) শব্দও বাড়িয়ে দেয়া হয়েছে। এক জায়গায় পরিক্ষার বলা হয়েছে, "তারা চাইবে জাহানাম থেকে বের হয়ে যেতে। কিন্তু তারা কখনো সেখান থেকে বের হতে পারবে না এবং তাদের জন্য রয়েছে স্থায়ী আয়াব।" [সূরা আল-মায়েদাহ: ৩৭]

তাফসীরে জাকারিয়া

২৩। সেখানে তারা যুগ যুগ ধরে অবস্থান করবে। [1]

[1] **حَقْب**-**حَقْب**—এর বহুবচন। এর অর্থ হল যুগ বা যামানা। উদ্দেশ্য হল যুগযুগ ধরে চিরকালের জন্য তারা জাহানামে থাকবে। এই শাস্তি কাফের এবং মুশরিকদের জন্য হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5695>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন